

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

ডাক/অনলাইনযোগে

নং-৪৫.০০.০০০০.১৭২.১১৪.০৪.১৪-৪৭

তারিখঃ ০১.০২.২০১৮খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র "পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন" শীর্ষক ডিপিপি অনুকূলে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের অনুমোদিত বিভাজনের আলোকে ডিপিপিতে জিওবি(স্থানীয় মুদ্রা) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ২য়-৩য় কিস্তির অর্থছাড় প্রসংগে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ৩১.০৭.২০১৭ তারিখের নং- ৪৫.০০.০০০০.১৭২.১১৪.০৪.১৪-২৪৯ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে "পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন" (কোড-৫-২৭১১-৫০০৫) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে জিওবি (স্থানীয় মুদ্রা) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ২য় ও ৩য় কিস্তিতে ৫০০০.০০ লক্ষ(পঞ্চাশ কোটি) টাকা (রাজস্ব-৪১.৮৮ লক্ষ+ মূলধন-৪৯৫৮.০২ লক্ষ) নিম্নবর্ণিত শর্তে ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	ডিপিপির নাম ও কোড নম্বর	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	জিওবি		আরপিএ (জিওবি)		মোট অবমুক্ত অর্থ
				রাজস্ব	মূলধন	রাজস্ব	মূলধন	
১	২	৩	৪	৫	৬	৭	৮	
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প(কোড নং-৫-২৭১১-৫০০৫)	অনুমোদিত	২য়-৩য় কিস্তি বাবদ জিওবি অর্থ	৪১.৮৮	৪৯৫৮.০২	-	-	৫০০০.০০

শর্তাবলীঃ

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটন হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবে;
- এই ব্যয় ২০১৭-১৮ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন" শীর্ষক ডিপিপি হতে বহন করা হবে; এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
- অর্থ ব্যয়ের মনিটরিং রিপোর্ট, প্রশিক্ষণের ক্ষেত্রে, সরবরাহ ও সেবার ক্ষেত্রে এ শাখার প্রশাসনিক, সম্পদ সংগ্রহ ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ব্যয় মঞ্জুরীসহ প্রশাসনিক অনুমোদন গ্রহণ এবং বিস্তারিত ব্যয়ের তথ্য প্রেরণ করতে হবে; অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।
- ডিপিপিতে উল্লেখিত মূল্য তালিকা বাজারদরের সাথে সঙ্গতি রেখে ক্রয়ের ক্ষেত্রে পুনরায় এ মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।
- এডিপি বরাদ্দ অনুযায়ী ডিপিপি সংশোধন করতে হবে।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

০২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।


স্বাক্ষর

(এস এম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ-৯৫৪৯৫৫৩  
তারিখঃ ০১.০২.২০১৮খ্রিঃ

নং-৪৫.০০.০০০০.১৭২.১১৪.০৪.১৪-৪৭/১(৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প, পটুয়াখালী।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
(এসএম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব